এবার আদানির বিরুদ্ধে তদন্ত চেয়ে নির্মলাকে চিঠি জহরের

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি: কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে চিঠি লিখে গৌতম আদানি ও তাঁর সংস্থার বিরুদ্ধে কয়লা আমদানিতে ৪২ হাজার কোটি টাকার দুর্নীতির তদন্ত করার দাবি তুললেন তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ জহর সরকার।

সম্প্রতি ইন্টারন্যাশনাল ফিনান্সিয়াল টাইমস-এর এক প্রতিবেদন এবং গত দু'বছরে কয়লা ও বিদ্যুৎমন্ত্রক থেকে পাওয়া বিভিন্ন জবাবকে হাতিয়ার করে আদানির বিরুদ্ধে তদন্তের সওয়াল করেছেন তৃণমূল সাংসদ। তাঁর অভিযোগ, তাইওয়ান, দুবাই এবং সিঙ্গাপুর থেকে যে কয়লা আমদানি করেছে আদানি গ্রুপ, তা বাজারদরের থেকে কার্যত দ্বিগুণেরও বেশি মূল্যে কেনা হয়েছে। এই ক্রয়-বিক্রয়ের মধ্যে আবার মধ্যস্বত্বভোগীদের বড় ভূমিকা ছিল। এর ফলে দেশের কয়েক কোটি টাকা ক্ষতি হয়েছে ও অন্যদিকে ফুলেফেঁপে উঠেছেন প্রধানমন্ত্রীর অতি ঘনিষ্ঠ ব্যবসায়ী। শুল্ক বিভাগ, ডিরেক্টরেট অব রেভিনিউ ইন্টেলিজেন্স (ডিআরআই) এবং ইডির নাকের ডগায় এই দুর্নীতি হলেও এখনও পর্যন্ত আদানিদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হয়নি। অথচ গত নয় বছরে দেশজুড়ে ৩,৩০০ ব্যক্তি ও সংস্থার বিরুদ্ধে অভিযান চালিয়েছে ইডি। এই ধরনের বিভিন্ন তথ্য দিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের কাছে অবিলম্বে আদানির বিরুদ্ধে তদন্তের আর্জি জানিয়েছেন জহর সরকার। চিঠির প্রতিলিপি দেওয়া হয়েছে কয়লা ও বিদ্যুৎ মন্ত্রকের দুই মন্ত্রীকেও। এই প্রসঙ্গে জহরবাবুর বক্তব্য, "ইডি এবং ডিআরআই - এই দুই দপ্তরই নির্মলা সীতারমণের অধীনে। যখন এত বড় দুর্নীতি হচ্ছিল, তখন এই দুই দপ্তর কী করছিল? ১০ টাকায় কয়লা কিনে নিজেরাই নিজেদেরই ৩০ টাকায় বিক্রি করে বিদেশি মুদ্রা কামিয়ে নিয়ে গেল। ইডি, ডিআরআই-এর কাছে সেই তথ্য নেই কেন?"

Copyright © 2023 Pratidin Prakashani Pvt Ltd. All rights reserved.